

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
আইন উপদেষ্টার দপ্তর
১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০২০.৩২.০০১(অংশ-৫).১৯-১৯০(১৭)

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৭
১ ডিসেম্বর ২০২০

বিষয় : মাঠ পর্যায়ের মামলাসমূহ সঠিক তদারকি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্য করা যাচ্ছে খাদ্য বিভাগের বিরুদ্ধে ইদানিং বদলীজনিত, ঠিকাদার নিয়োগ, ও.এম.এস ডিলার নিয়োগ, খাদ্য বাস্তব ডিলার নিয়োগ এবং খাদ্য অধিদপ্তরের বিভিন্ন বেদখলীয় জায়গা দখলমুক্ত করার প্রেক্ষিতে ও বিভিন্ন অনিয়মের কারণে উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করায় প্রতিপক্ষগণ কর্তৃক দেশের বিভিন্ন আদালতে মামলা দায়ের করা হচ্ছে। বিশেষত বদলীজনিত কারণে দায়েরকৃত মামলায় প্রশাসনিক কর্মকান্ড সুচারুরূপে চালাতে ব্যাঘাত ঘটছে। অপর দিকে জায়গা/জমি সংক্রান্ত জটিলতার কারণে খাদ্য অধিদপ্তরের মূল্যবান জমি বেদখল হবার সম্ভাবনা তৈরী হচ্ছে যা রোধ করা প্রয়োজন।

০২। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে মামলাসমূহ সঠিক তদারকি করা আবশ্যিক। প্রয়োজনে স্ব-স্ব দপ্তর কর্তৃক মামলা সমূহের বিপরীতে তদবিরকারকের পাশাপাশি মামলার নির্দিষ্ট শুনানির তারিখে পূর্বেই স্ব-স্ব দপ্তর প্রধানগণ মামলার সংশ্লিষ্ট ডিএজি/এএজি, বিজ্ঞ প্যানেল আইনজীবী/ বিজ্ঞ জিপি/পিপি'র সঙ্গে আলোচনা করে মামলার মেরিট বিবেচনায় নিয়ে প্রয়োজনে শুনানির নির্ধারিত তারিখে স্বশরীরে বিজ্ঞ আদালতে উপস্থিত হয়ে বিজ্ঞ আইনজীবীকে সহায়তা করা প্রয়োজন। যেন সরকারী স্বার্থ কোন ভাবেই ক্ষুণ্ণ না হয়। উল্লেখ্য কোন মামলার যদি **Injunction** বিজ্ঞ আদালত কর্তৃক দেয়া হয় তা হলে উক্ত আদেশ ভ্যাকেট করারও প্রয়োজনীয়তা পদক্ষেপ খাদ্য অধিদপ্তরের অধীনস্থ সংস্থাপনা প্রধানগণকে নিতে হবে। এ বিষয় মহাপরিচালক মহোদয় মাসিক সমন্বয় সভায় বিশেষ গুরুত্বারোপ করেছেন।

০৩। উপরিলিখিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে খাদ্য বিভাগীয় মামলাসমূহ সঠিকভাবে তদারকি, মামলাসংক্রান্ত ডাটাবেজে হালনাগাদকরণ, বিজ্ঞ ডি.এ.জি/ এ.এ.জি, বিজ্ঞ প্যানেল আইনজীবী, বিজ্ঞ জি.পি/পি.পি'র সঙ্গে ব্যক্তিগত যোগাযোগ পূর্বক মামলাসমূহের সঠিক তদারকি নিশ্চিত করণের জন্য নির্দেশনা দেয়া হলো। সেই সাথে যদি মামলাসমূহ নিবিড় তদারকির ও দ্বায়িত্বে অবহেলা জনিত কারণে সরকারী স্বার্থের ব্যাহত হয় তবে তার দায়িত্ব স্ব-স্ব দপ্তর প্রধানগণকেই বহন করতে হবে।

প্রাপক

১। পরিচালক (সকল)

২। প্রধান মিলার, সরকারী ময়দা ও পশু খাদ্য মিল, পোস্তগোলা, ঢাকা।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) তার অধিক্ষেত্রের সংক্ষিপ্ত

সকলকে অবহিত করার জন্য বলা হলো।

৪। সি.সি.ডি.আর, পশ্চিম জুরাইন, ঢাকা

৫। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, পশ্চিম জুরাইন, ঢাকা

স্মারক নং-১৩.০১.০০০০.০২০.৩২.০০১(অংশ-৫).১৯-১৯০/১৭(০৫)

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৭
১ ডিসেম্বর ২০২০

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ- পরিচালক, প্রশাসন, খাদ্য অধিদপ্তর, ঢাকা)

০২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা-পত্রটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

০৪। মাষ্টার কপি

০৫। অফিস কপি

(মোঃ মাহমুদ হাসান)
(আইন উপদেষ্টা (পরিচালক ও বিকল্প কর্মকর্তা))